



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৮৯

তথ্য ও সম্প্রচারমন্ত্রী আগামীকাল নাটোর আসছেন

রাজশাহী; ২৯ কার্তিক (১৪ নভেম্বর):

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি আগামীকাল মঙ্গলবার (১৫ নভেম্বর) এক দিনের সরকারি সফরে নাটোর আসবেন। তিনি সকাল সোয়া এগারোটায়ে বিমানযোগে রাজশাহী পৌঁছে নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার উদ্দেশে যাত্রা করবেন।

মন্ত্রী পরে গুরুদাসপুর সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে গুরুদাসপুর উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন।

সম্মেলন শেষে তথ্য ও সম্প্রচারমন্ত্রী রাজশাহী শাহ মখদুম বিমান বন্দরের উদ্দেশে রওনা হবেন। সন্ধ্যা সাড়ে পাঁচটায় মন্ত্রী বিমানযোগে ঢাকার উদ্দেশে রাজশাহী ছেড়ে যাবেন।##

.....

তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২২/১৩.৫০ঘ.